গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
(www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.১১(অংশ-১).৩৯.২০১৫-১৯৮

তারিখঃ ০৭ পৌষ, ১৪২২বাং / ২১ ডিসেম্বর, ২০১৫ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়-১ম সংশোধিত)" [ Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT):( Phase-2)(Revised) ]" শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত শুন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদের জন্য (জুন ২০১৮ পর্যন্ত) মাসিক সাকুল্যে বেতনে জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা এবং শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০০৯ এর যে বেতন গ্রেড অনুসারে সাকুল্য বেতন প্রযোজ্য হবে তার গ্রেড | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৫৮ (আটান্ন)টি (পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে) | গ্রেড-১৬ | অনুর্ধ্ব ৩০ বৎসর | • এইচ.এস.সি পাশ।<br>• কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে MS-Office (MS-word, MS-Excel & MS-Powerpoint), Internet (Browsing, e-mail) বিষয়ে প্রশিক্ষিত হতে হবে।<br>• কম্পিউটার টাইপ স্পিড বাংলা প্রতি মিনিট ২০ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ২০ শব্দ থাকতে হবে।<br>• যুব উন্নয়ন অধিদপ্তরের সমাপ্ত ইমপ্যাক্ট, (ফেজ-১) এর জনবলের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য । |
| ০২ | কমিউনিটি সুপারভাইজার | ৯৭ (সাতানব্বই)টি (পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে ) | গ্রেড-১৮ | অনুর্ধ্ব ৩০ বৎসর | • এস.এস.সি পাশ ।<br>• অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>• যুব উন্নয়ন অধিদপ্তরের সমাপ্ত ইমপ্যাক্ট, (ফেজ-১) এর জনবলের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য । |

শর্তাবলী ঃ

০১। আবেদন ফরম এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bd এর লোকেশন: প্রশাসনিক আদেশ(প্রকল্প) ইমপ্যাক্ট (ফেজ-২)-এ পাওয়া যাবে। ডাউনলোডকৃত আবেদন ফরম এবং ডাউনলোডকৃত প্রবেশপত্র (২ কপি)যথাযথভাবে পূরণপূর্বক আগামী ২১ জানুয়ারী'২০১৫খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে (অফিস চলাকালীন সময়ে) অবশ্যই "প্রকল্প পরিচালক, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প , যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০"- এর বরাবরে সরকারী ডাক/কুরিয়ার যোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য আবেদন ফরমের নির্ধারিত স্থানে ০১কপি ছবি এবং প্রবেশপত্র ০২ কপির প্রতিটির নির্ধারিত স্থানে ০১ কপি করে ছবি আঠা দিয়ে লাগাতে হবে। এ ছাড়া অতিরিক্ত ০২ কপি ছবি(১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০২। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদগুলো সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্প মেয়াদের জন্য চুক্তিভিত্তিক এবং বর্ণিত মেয়াদ পূর্ণ হওয়ার সাথে সাথে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং তাদের যুব উন্নয়ন অধিদপ্তরের মূল সাংগঠনিক কাঠামোর রাজস্ব পদে আত্তিকরণের কোন সুযোগ নেই।

০৩। নির্ধারিত সাকুল্য বেতন এবং উৎসবভাতাদি জাতীয় বেতন স্কেল-২০০৯ এর গ্রেড অনুসারে সরকারের প্রচলিত বিধি মোতাবেক নির্ধারিত হবে। জাতীয় বেতন স্কেল অর্থ বিভাগ কর্তৃক পরিবর্তন হলে বেতন এবং উৎসবভাতাদি ক্ষেত্রে পরিবর্তিত হার সরকারের নির্দেশনা মোতাবেক প্রযোজ্য হবে।

০৪। সকল পদের প্রার্থীগণ নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/-(তিন শত) টাকা বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকে "১/৩৬৪০/০০০০/২০৩১" নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোন প্রকার পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

০৫। আবেদনকারীর নামসহ যোগাযোগের ঠিকানা(বর্তমান ঠিকানা) সম্বলিত অব্যবহৃত ১০(দশ) টাকা মূল্যমানের ডাকটিকেটযুক্ত ১০´´× ৪.৫´´ সাইজের একটি ফেরৎ খাম (খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিভাগের নামসহ) আবেদনের সাথে প্রেরণ করতে হবে। কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে আবেদনপত্রে ও খামের উপর উল্লেখ করতে হবে।

০৬। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি।

(খ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের বিষয়ে কোন স্বীকৃত প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সনদ দাখিল করতে হবে।

(গ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে নামাঙ্কিত সীলমোহরসহ প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। তবে নাগরিকত্ব সনদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের(যদি থাকে) মূল/সত্যায়িত কপি।

(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে অবশ্যই সরকারের সর্বশেষ সার্কুলার অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

(ঙ) এতিম,উপজাতি,প্রতিবন্ধী,আনসার ও ভিডিপি কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট সনদ দাখিল করতে হবে।

(চ) ব্যবহারিক/মৌখিক পরীক্ষার অংশগ্রহণের সময় দাখিলকৃত সকল কাগজপত্রের মূলকপি সংগে আনতে হবে। ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় মূল কাগজপত্র প্রদর্শণে ব্যর্থ হলে বা দাখিলকৃত কাগজপত্র সঠিক না হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

০৭। ২১ জানুয়ারী'২০১৫খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮(আঠার) বছরের নিম্নে হলে এবং ৩০ বৎসরের অধিক হলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য নয়। যুব উন্নয়ন অধিদপ্তর এর সমাপ্ত ইমপ্যাক্ট(ফেজ-১) প্রকল্পের জনবলের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

০৮। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন নির্ধারিত সময়সীমা ২১ জানুয়ারী'২০১৫খ্রিঃ তারিখের মধ্যে ডাক/কুরিয়ার যোগে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৯। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অংগীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।

১০। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যাতিরেকে বাতিল বলে বিবেচিত হবে। এ ছাড়া নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে নিয়োগ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। শুধুমাত্র নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক সঠিকভাবে প্রাপ্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি সম্পর্কে যথাসময়ে অবগত করা হবে।

১২। প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৩। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বেশী হতে পারে এবং উল্লেখিত পদের চাকুরী ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্পের আওতায় যে কোন উপজেলায় বদলীযোগ্য।

১৪। বর্ণিত পদগুলো প্রকল্পের বিধায় সম্পূর্ণ অস্থায়ী এবং এ সকল পদে নিয়োগ শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য। নির্বাচিত প্রার্থীদের প্রদত্ত নিয়োগপত্র প্রকল্প সমাপ্তিতে প্রকল্পের চাকুরী হতে অব্যাহিতপত্র হিসাবে গণ্য হবে।

১৫। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০/১২/২০১৫

প্রকল্প পরিচালক
"দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়-১ম সংশোধিত)" [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT): ( Phase-2)(Revised) ] প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।

“দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়-১ম সংশোধিত)”[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)( Revised)]

পাসপোর্ট সাইজের এক কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে :

# প্রকল্পের চাকুরীর আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১। | পদের নামঃ | | |
| ২। | বিজ্ঞপ্তির নম্বরঃ ৩৪.০১.০০০০.০৩৮.১১(অংশ-১).৩৯.২০১৫-১৯৮ | | তারিখঃ ২১-১২-২০১৫খ্রিঃ |
| ৩। | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | |
| | | ইংরেজীতে(বড় অক্ষরে)ঃ | |
| ৪। | জাতীয় পরিচয়পত্র নম্বরঃ | | (যে কোন ০১টি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | |
| ৫। | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান(জেলা)ঃ |
| ৭। | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বৎসরঃ | মাসঃ দিনঃ |
| ৮। | মাতার নামঃ | | |
| ৯। | পিতার নামঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১০। | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক(নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্ট কোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | যোগাযোগ ঃ | মোবাইল নম্বরঃ | | ই-মেইল(যদি থাকে)ঃ |
| ১২। | জাতীয়তা ঃ | | ১৩। | জেন্ডার ঃ |
| ১৪। | ধর্মঃ | | ১৫। | পেশা ঃ |

১৬। শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | অতিরিক্ত যোগ্যতা(যদি থাকে) | | | |
| ১৮। | অভিজ্ঞতা বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ১৯। | কোটা(টিক দিন)ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য উল্লেখ করুনঃ |

২০। প্রযোজ্য ক্ষেত্রেঃ

| মুক্তিযোদ্ধা অভিভাবকের নাম | মুক্তিযোদ্ধা অভিভাবকের পিতার নাম | উপজেলা/জেলার নাম | জন্ম তারিখ | মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ | সনদ নং, তারিখ ও স্মারক নং |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১। | চালান নং | | | তারিখঃ |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২২। | বিভাগীয় প্রার্থী কিনা(টিক দিন)ঃ | হাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে উল্লিখিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

| |
|---|
| ১ কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাতে হবে। |

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

রোল নং-

| | |
|---|---|
| অনুসরণিকা | ঃ |
| পদের নাম | ঃ |
| পরীক্ষার স্থান | ঃ |
| পরীক্ষার তারিখ | ঃ |
| পরীক্ষার সময় | ঃ |

(আবেদনকারী কর্তৃক পূরণীয়)

প্রতি,

জনাব/বেগম ----------------------------------------

পিতা/মাতার নাম----------------------------------------

বর্তমান/যোগাযোগের ঠিকানা--------------------------

----------------------------------------------------

----------------------------------------------------

----------------------------------------------------

বিষয়ঃ "দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়- ১ম সংশোধিত)"[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)( Revised)]-শীর্ষক প্রকল্পে ................................................................ পদে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ প্রসংগে।

"দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়- ১ম সংশোধিত)"[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)(Revised)]-শীর্ষক প্রকল্পে -------------------------------------------------------------------- পদে নিয়োগের জন্য আপনার আবেদনের প্রেক্ষিতে অনুসরণিকায় বর্ণিত স্থান, তারিখ ও সময়ে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য আপনাকে কলম, এই প্রবেশপত্র ও মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কাগজপত্রসহ(মূলকপি ও একসেট ফটোকপি) উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ প্রবেশ পত্র ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না। পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর ও অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস সাথে রাখা যাবে না। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা যাবে না।

০২। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার ফলাফল যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bd- এর লোকেশনঃ প্রশাসনিক আদেশ(প্রকল্প) ইমপ্যাক্ট (ফেজ-২)-এ প্রকাশ করা হবে।

**প্রকল্প পরিচালক**
"দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়- ১ম সংশোধিত)"[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)( Revised)]-প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

বিঃ দ্রঃ "অফিস কর্তৃক পূরণীয়" অংশটুকু ব্যতিত যোগাযোগ ঠিকানা ও পদের নাম আবেদনকারী কর্তৃক পূরণ করতে হবে।